মেহেরপুর কলেজ মোড়ে ইয়ারুল ক্যাফে এন্ড রেস্টুরেন্টের উদ্বোধন

মেহেরপুর কলেজ মোড়ে ইয়ারুল ক্যাফে এন্ড রেস্টুরেন্ট এর উদ্বোধন করা হয়। শুক্রবার সন্ধ্যার সময় মেহেরপুর কলেজ মোড়ে এর উদ্বোধন করা হয়।

এ সময় ইয়ারুল ক্যাফে এন্ড রেস্টুরেন্টের স্বত্বাধিকারী প্রোপাইটার মোঃ ইয়ারুল ইসলাম, কবির, লিটন, বাবু, সামাদ, মিন্টু, শাহজাহান সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

ইয়ারুল ক্যাফে এন্ড রেস্টুরেন্টের স্বত্বাধিকারী প্রোপাইটার মোঃ ইয়ারুল ইসলাম বলেন আমার এখানে থাই চাইনিজ, ফাস্টফুড সকল আইটেম এবং নান গ্রিল এর বিশেষ আইটেম ইত্যাদি পাওয়া যাবে।

এ সময় ফিতা কেটে মোনাজাতের মাধ্যমে উদ্বোধন ঘোষণা করা হয়।

তুরস্ক-সিরিয়ায় ভূমিকম্পে মৃত্যু ২২ হাজার ছাড়ালো

তুরস্ক ও সিরিয়ায় ভূমিকম্পে মৃতের সংখ্যা বেড়ে ২২ হাজার ৩৭৫ জনে দাঁড়িয়েছে। খবর গার্ডিয়ান। তুরস্ক ও সিরিয়ার সরকার ও চিকিৎসকেরা জানিয়েছেন, এখন পর্যন্ত ভূমিকম্পে তুরস্কে ১৮ হাজার ৯৯১ জন এবং সিরিয়ায় ৩ হাজার ৩৮৪ জন মারা গেছে।

গার্ডিয়ানের প্রতিবেদনে বলা হয়েছে, উদ্ধারকর্মীরা এখনো ধ্বংসস্তূপে উদ্ধার অভিযান চালাচ্ছেন। তবে, সময় যত পেরিয়ে যাচ্ছে ততই জীবিত উদ্ধারের সম্ভাবনা কমছে। তীব্র শীত হাজার হাজার বেঁচে থাকা মানুষকে হুমকির মুখে ফেলেছে। তারা এখন আশ্রয়, খাদ্য ও পানীয়

ছাড়াই আছেন।

বৃষ্টি, যোগাযোগ বিপর্যয়সহ নানা সমস্যার কারণে অনেকের মৃত্যু হতে পারে বলে আশঙ্কা করছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডাব্লিউএইচও)। তুরস্কের প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান এই ভূমিকম্পকে ‘শতাব্দীর বিপর্যয়’ বলে অভিহিত করেছেন।

প্রতিবেদনে আরও বলা হয়েছে, বৃহস্পতিবার বিশ্বব্যাংক তুরস্ককে মৌলিক অবকাঠামো পুনর্নির্মাণ এবং ভূমিকম্পে ক্ষতিগ্রস্তদের সহায়তায় তাৎক্ষণিক অর্থায়নসহ ১ দশমিক ৭৮ বিলিয়ন ডলার সহায়তার প্রতিশ্রুতি দিয়েছে।

কিন্তু যানবাহনের ঘাটতি এবং ক্ষতিগ্রস্ত রাস্তাসহ বেশ কয়েকটি কারণে মাঠ পর্যায়ে থাকা এক লাখ বা তারও বেশি উদ্ধারকর্মীর প্রচেষ্টা ব্যাহত হচ্ছে।

মুজিবনগরে হেরোইন সহ ২ জন আটক

মুজিবনগরে হেরোইসহ দুজনকে আটক করেছে থানা পুলিশ। গতকাল বৃহস্পতিবার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানা অফিসার ইনচার্জ মেহেদী রাসেলের নেতৃত্বে এসআই উত্তম কুমার এস আই সাহেব আলী সংঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে উপজেলার দারিয়াপুর গ্রাম থেকে ৩ গ্রাম হেরোইন সহ দারিয়াপুর গ্রামের কাবীদুলের ছেলে তুহিন
(২৩) এবং একই গ্রামের বকুলের ছেলে আব্দুল আজিজ (২১) কে আটক করা হয়।

উদ্ধারকৃত হেরোইন এর মূল্য অনুমান ৩০,০০০/ টাকা। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।

দামুড়হুদায় প্রকৃতিকে রাঙিয়ে তোলা বসন্তের রুপকন্যা শিমুল বিলুপ্তপ্রায়

গাছে গাছে সবুজ পাতা, মুকুল আর ফুল আর কোকিলের ডাক মনে করিয়ে দেয় বসন্তের আগমনি বার্তা। ঋতুরাজ বসন্তের আগমনে আবহমান গ্রামবাংলার প্রকৃতিকে রাঙিয়ে অনেক ফুল ফুটলেও এখন আর তেমন চোখে পড়ে না রক্তলাল নয়নাভিরাম শিমুল ফুল। কিন্তু কালের বিবর্তনে চুয়াডাঙ্গার দামুড়হুদার আগুন ঝরা ফাগুনে চোখ ধাঁধানো গাঢ় লাল রঙের অপরূপ সাজে সজ্জিত শিমুল গাছ এখন বিলুপ্তপ্রায়।

এক-দেড় যুগ আগেও দামুড়হুদা উপজেলা বিভিন্ন গ্রামের অধিকাংশ বাড়ির আনাচে কানাচে আর রাস্তার পাশে অনেক শিমুল গাছ দেখা যেত। প্রতিটি গাছে গাছে প্রস্ফুটিত শিমুল ফুলই স্মরণ করিয়ে দিত বসন্তের আগমনী বার্তা। বসন্ত আগমনের এক সঙ্গে প্রকৃতি প্রতিটি গাছেই আসতে শুরু করেছে নতুন পাতা। ইতি মধ্যেই কোকিলের সুমিষ্ট কুহুতালে ফাগুনের উত্তাল বাসন্তী হাওয়া দিচ্ছে দোলা। মুকুল আর শিমুল ফুল দেখে বোঝা যায় শীত বিদায় নিয়ে আসছে ফাগুন। শিমুল গাছের শাখাগুলো বসন্তের আগমনে লাল শাড়ির ঘোমটা পরা গ্রাম্য নববধূর সাজে সজ্জিত হতে দেখা যায়, যা দর্শনে হতাশ প্রেমিকের মনেও জাগিয়ে তোলে আশা। অন্যান্য গাছের তুলনায় শিমুল গাছ অনেক উঁচু হওয়ায় বহু দূর থেকে এ মনোরম দৃশ্য চোখে পড়ে। কেবল সৌন্দর্যই বিলায় না, শিমুল গাছের রয়েছে নানা উপকারিতা ও অর্থনৈতিক গুরুত্ব।

প্রাকৃতিকভাবে তুলা আহরণের অন্যতম অবলম্বন শিমুল গাছ। এ গাছের সব অংশেরই রয়েছে ভেষজ গুণ। গ্রামে শিমূল গাছ ঔষধি গাছ হিসেবেও পরিচিত। গ্রামাঞ্চলের মানুষ বিষ ফোড়া, আখের গুড় তৈরিতে শিমুলের রস ও কোষ্ঠ কাঠিণ্য নিরাময়ে গাছের মূলকে ব্যবহার করতো।

শিমুল গাছ ৯০ থেকে ১০০ ফুট পর্যন্ত লম্বা হয় এবং বেশ মোটাও হয়। নানা ধরনের প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা করে শিমুল গাছ দেড় শ’ বছর পর্যন্ত বেঁচে থাকে। শীতের শেষে পাতা ঝরে পড়ে। বসন্তের শুরুতেই গাছে ফুল ফোটে। আর এ ফুল থেকেই হয় ফল। চৈত্র মাসের শেষের দিকে ফল পুষ্ট হয়। বৈশাখ মাসের দিকে ফলগুলো পেকে শুকিয়ে গিয়ে বাতাসে আপনা আপনিই ফল ফেটে প্রাকৃতিকভাবে তুলার সঙ্গে উড়ে

উড়ে দূর-দূরান্তে ছড়িয়ে পড়া বীজ থেকেই এর জন্ম হয়। বালিশ, লেপ ও তোশক তৈরিতে শিমুল তুলার জুড়ি নেই। অথচ বর্তমানে মানুষ এ গাছকে তুচ্ছ মনে করে কারণে অকারণে কেটে ফেলছে।

ইটভাটার জ্বালানি হিসেবে ব্যবহার হলেও সেই তুলনায় রোপণ করা হয়নি। ফলে আজ বিলুপ্তির পথে গাছটি। শিমুল গাছ উজাড় হওয়ার ফলে পরিবেশের ওপরে পড়েছে নেতিবাচক প্রভাব। গাছটি নিধনের জন্য একমাত্র ইটভাটাই দায়ী। এ গাছ অনেক উঁচু হওয়ায় কাক, কোকিল, চিল, বকসহ বিভিন্ন ধরনের পাখি বাসা বেঁধে বসবাস করত। এ গাছ উজাড় হওয়ার ফলে এসব পাখিরা আবাসস্থল হারিয়ে পড়েছে অস্তিত্ব সঙ্কটে। গাছ না থাকায় আবাসস্থলের অভাবে ধীরে ধীরে এসব পাখিরাও হারিয়ে যাচ্ছে।

গ্রামে শিমূল গাছ ঔষধি গাছ হিসেবেও পরিচিত। কিন্তু কালের বিবর্তনে আর আধুনিকতার ছোঁয়ায় তেমন চোখে পড়ে না শিমুল গাছ। প্রতিনিয়ত বিলুপ্তি হয়ে যাচ্ছে শিমুল গাছ। যার কারনে গ্রাম বাংলার বুক থেকে হারিয়ে যেতে বসেছে, অতি চিরচেনা শিমূল গাছ।

ট্র্যাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী কৃষি কর্মকর্তা নিহত

ট্র্যাক্টরের ধাক্কায় মটর সাইকেল আরোহী উপসহকারী কৃষি কর্মকর্তা লতিফুর কবিরের মৃত্যু হয়েছে। শুক্রবার সকালে ঘটনাটি ঘটেছে কোটচাঁদপুর-ফুলবাড়ি সড়কে।

উপজেলা কৃষি কর্মকর্তা মহাসিন আলী বলেন,অফিসের কাজ শেষ করে মটর সাইকেল যোগে বাড়ি ফিরছিলেন। পথিমধ্যে কোটচাঁদপুরের ফুলবাড়ি নামকস্থানে পৌছালে পিছন দিক ট্র্যাক্টর ধাক্কা দেয়। এতে করে গুরুত্বর আহত হন উপসহকারী কৃষি কর্মকর্তা লতিফুর কবির। এ সময় স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। স্বাস্থ্য কমপ্লেক্সের কর্তব্যরত চিকিৎসক তাকে দেখে মৃত বলে ঘোষণা দেন।

লতিফুর কবির ঝিনাইদহের বাথপুকুরিয়া গ্রামের মৃত মেহের আলী শেখের ছেলে। তিনি কোটচাঁদপুর উপজেলা কৃষি অফিসের উপসহকারী কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন।

ঘটনার পর ট্র্যাক্টর ড্রাইভার ট্র্যাক্টর রেখে পালিয়েছেন। তবে পুলিশ ওই ইট বোঝায় ট্র্যাক্টরটি জব্দ করেছেন বলে জানা গেছে। বিষয়টি নিয়ে কোটচাঁদপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মঈন উদ্দিন বলেন,ঘটনাটি সড়ক দুর্ঘটনায় ঘটেছে। এ কারনে মৃত দেহের ময়না তদন্ত করা হবে না। আমরা তাদের স্বজনদের কাছে মৃত দেহ হস্তান্তর করা হবে।

গাংনীতে বিভিন্ন বাহিনীর পরিচয় দানকারী প্রতারক আটক

বিভিন্ন বাহিনীর পরিচয় দিয়ে প্রতারণা করার অভিযোগে মেহেরপুরের গাংনী থেকে জাহিদুল ইসলাম ওরফে জাহিদ (২৮) নামে এক যুবককে আটক করেছে র্যাব।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতে র্যাব-১২ সিপিসি-মেহেরপুর ক্যাম্প কমাণ্ডার সহকারী পুলিশ সুপার মো. গোলাম ফারুকের নেতৃত্বে র্যাবের একটি দল উপজেলার আকুবগ্রামে অভিযান চালিয়ে তার নিজ বাড়ি থেকে তাকে আটক করে। আটক জাহিদ ওই গ্রামের উসমান খাজার ছেলে।

আজ শুক্রবার সকাল পৌনে ৮টার দিকে সিপিসি- মেহেরপুর র্যাব-১২-র সিনিয়র সহকারী পুলিশ সুপার কমান্ডার মো. গোলাম ফারুক এক প্রেসবিজ্ঞপ্তিতে এ তথ্য নিশ্চিত করেছেন।

প্রেসবিজ্ঞপ্তির সূত্রে জানা গেছে, র্যাবের একটি টহল দল গোপন সংবাদের ভিত্তিতে উপজেলার আকুবপুর গ্রামে অভিযান পরিচালনা করে বিভিন্ন বাহিনীর ভুয়া পরিচয়ে প্রতারণার অভিযোগে জাহিদকে আটক করে।

এ সময় তার কাছ থেকে চাবিসহ একটি সরকারি পুরাতন হ্যান্ডকাপ,

বাংলাদেশ জেল লেখা একটি কালো রঙের বেল্ট, বিজিবি’র একটি ফিল্ডক্যাপ, আর্মড পুলিশ ব্যাটালিয়নের একটি ফিল্ড ক্যাপ, পিস্তল সদৃশ কালো কভারযুক্ত একটি খেলনা, যার ভেতরে চাকু সংযুক্ত ম্যাগাজিন রয়েছে, পুলিশ লেখা সম্বলিত একটি মাস্ক, দুটি সিম কার্ডসহ একটি মোবাইল উদ্ধার করা হয়।

প্রাথমিক জিজ্ঞাসাবাদে ওই যুবক দীর্ঘদিন যাবত সরকারি হ্যান্ডকাপ, বেল্ট, ফিল্ড ক্যাপ, খেলনা পিস্তল ব্যবহার করে প্রতারনাসহ বিভিন্ন রকম অপরাধমূলক কর্মকাণ্ড সংঘটিত করে আসছিল বলেও জানান র্র্যাবের এ কর্মকর্তা।

প্রতারক জাহিদের বিরুদ্ধে মামলা দায়ের করে গাংনী থানা পুলিশের কাছে তাকে হস্তান্তর করা হয়েছে।

তুরস্ক-সিরিয়ায় থামছে না মৃত্যুমিছিল, নিহত ছাড়ালো ১৯ হাজার

দক্ষিণ তুরস্ক এবং উত্তর সিরিয়ায় গত সোমবার বিধ্বংসী ভূমিকম্প আঘাত হানে। এতে আজ বৃহস্পতিবার পর্যন্ত নিহতের সংখ্যা ১৯ হাজার ছাড়িয়েছে। খবর বিবিসির।

তুর্কি প্রেসিডেন্ট রিসেপ তাইয়েপ এরদোয়ান বলেছেন, তার দেশেই মারা গেছে ১৬ হাজার ১৭০ জন। আর সিরিয়াতে এখনও পর্যন্ত ৩ হাজার ১৬২ জনের মৃত্যুর খবর নিশ্চিতভাবে জানা গেছে। কর্মকর্তারা বলছেন, নিহতের এ সংখ্যা আরও বাড়তে পারে বলে তারা আশংকা করছেন।

বিবিসির প্রতিবেদনে বলা হয়েছে, বিধ্বস্ত শহরগুলোতে বহু মানুষ এখনও আশ্রয়হীন। তাদের কাছে নিরাপদ খাবার পানি নেই, বিদ্যুৎ নেই।

বিশ্ব স্বাস্থ্য সংস্থা আশঙ্কা করছে, এই পরিস্থিতিতে ভূমিকম্পের হাত থেকে বেঁচে যাওয়া আরও অনেক মানুষের মৃত্যু হতে পারে।

ডব্লিউএইচও অনুমান করছে, তুরস্ক এবং সিরিয়াজুড়ে আড়াই কোটিরও বেশি মানুষ এই ভূমিকম্পের শিকার হয়েছেন। দুটি দেশেই হাজার হাজার ভবন ধসে পড়েছে এবং ধ্বংসস্তূপের নিচে আটকে পড়া মানুষদের বাঁচাতে উদ্ধারকর্মীরা প্রাণপণ প্রচেষ্টা চালাচ্ছেন।

উত্তর সিরিয়ায় ধ্বংসস্তূপের নিচে আটকে পড়া লোকজন সাহায্যের জন্য ডাকাডাকি করছেন কিন্তু তাদের ডাকে সাড়া দেওয়ার মতো প্রায় কেউ নেই।

ইস্তাম্বুলের একজন তুর্কি সাংবাদিক ইব্রাহিম হাসকোলোলু বলেছেন, “লোকেরা এখনও ভবনের নিচে রয়েছে, তাদের সাহায্যের প্রয়োজন।”

তিনি বিবিসি নিউজকে বলেছেন, ধ্বংসস্তূপের নিচে থেকে আটকে পড়া লোকজন তাকে এবং অন্যান্য সাংবাদিকদের ভিডিও, ভয়েস নোট এবং তাদের লাইভ অবস্থান পাঠাচ্ছে।

তারা আমাদের বলছে যে তারা কোথায় আছে এবং “আমরা তাদের জন্য কিছুই করতে পারছি না,” মি. হাসকোলোলু বলেছেন, তুরস্কের জন্য এখন প্রয়োজন সমস্ত আন্তর্জাতিক সহায়তা।

গত সোমবার ভোররাতে গাজিয়ানটেপের কাছে ৭ দশমিক ৮ মাত্রার ভূমিকম্পটি আঘাত হানে। সেদিন স্থানীয় সময় প্রায় বেলা দেড়টার দিকে আরও একটি ৭.৫-মাত্রার ভূমিকম্প হয়। কর্মকর্তারা বলেছেন যে এটি ‘আফটারশক’ ছিল না।

গত সোমবার পর পর দুটি ভূমিকম্পের পর তুরস্কের দক্ষিণাঞ্চলে পর পর কয়েকটি শক্তিশালী আফটারশক ও কম্পন আঘাত হেনেছে।

দামুড়হুদায় আওয়ামী লীগের শান্তি সমাবেশ সফল করার

লক্ষ্যে প্রস্তুতিসভা অনুষ্ঠিত

দামুড়হুদায় আওয়ামী লীগের শান্তি সমাবেশ সফল করার লক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকেলে স্থানীয় ডাকবাংলো চত্তরে উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু।

এসময় তিনি বলেন, বিএনপি জামাতের নৈরাজ্য রুখতে আগামী ১১ ফেব্রুয়ারী শনিবার শান্তি সমাবেশ সফল করতে বিকেল ৩ টার সময় ডাক বাংলো চত্তরে সবাইকে উপস্থিত হওয়ার আহবান জানান। তিনি আরও বলেন, ভেদাভেদ ভূলে নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ ভাবে আওয়ামী লীগের শান্তি সমাবেশ ও মিছিল সফল করতে হবে।

প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক যুগ্মসম্পাদক আজিজুল হক, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবুল হাশেম মেম্বার, দপ্তর সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, নাটুদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আ: সালাম। আওয়ামী লীগ নেতা আলফাজ মল্লিক, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্মআহবায়ক সেলিম উদ্দিন বগা, যুগ্ম আহবায়ক এসএম মহাসিন।

দামুড়হুদা সদর ইউনিয়ন যুবলীগের সভাপতি আঃ হালিম ভুট্টু। উপজেলা যুবলীগ নেতা হযরত আলী, জাহাঙ্গীর আলম, শেখ হাফিজুর শামসের, হায়দার আলী, হাসান আল বাখার ডলার, নাহিদ, স্বপন, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা, যুগ্ম আহবায়ক এমএ করিম, ছাত্র লীগ নেতা শেখ সোহেল প্রমূখ।

# [redacted]

[redacted]

# [redacted]

[redacted]